



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-১৫


তারিখঃ ০৫/০১/২০১৭ খ্রিঃ

আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের উপজেলা পর্যায়ে অনলাইন সফটওয়্যারে দৈনন্দিন আর্থিক লেনদেন কার্যক্রম নির্বিঘ্নভাবে করার জন্য অনুমোদিত আরডিপিপি'র নির্দেশনা মোতাবেক হিসাব সহকারীগণকে নিম্নোক্ত শর্তে অগ্রিম গ্রহণ করে ল্যাপটপ ও মডেম ক্রয় করার নির্দেশনা প্রদান করা হলো।

- ক) সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী ব্র্যান্ডের ল্যাপটপ ক্রয় করতে হবে;
- খ) বর্ণিত মালামাল ক্রয় করার জন্য হিসাব সহকারী প্রতি সর্বোচ্চ ৪০০০০/- (চল্লিশ হাজার টাকা) টাকা অগ্রিম প্রদান করা যাবে;
- গ) বর্ণিত মালামাল ক্রয় করার পর যদি কোন অর্থ অবশিষ্ট থাকে তা সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে;
- ঘ) বর্ণিত মালামাল ক্রয়ের রশিদ অগ্রিম বিল ভাউচারের সাথে অফিসে সংরক্ষণ করতে হবে;
- ঙ) চলতি মাসের মধ্যে ল্যাপটপ ক্রয় নিশ্চিত করতে হবে;
- চ) গৃহীত অগ্রিম আগামী মে/২০১৮ মাসের মধ্যে বেতন ভাতা হতে সমান কিস্তিতে কর্তনপূর্বক সমন্বয় করতে হবে;

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
(পত্রের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।